নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.৪৩১.২২.০০৯.২৪** নথির বিষয়: Water Sample Collection From Water Transmission Network of Saidabad Water Treatment Plant.কাজের অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: **Water Sample Collection From Water Transmission Network of Saidabad Water Treatment Plant.কাজের অনুমোদন প্রসঙ্গে।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৫/১০/২৪ ১০:৪৬ পূর্বাহ্ন

অনুগ্রহপূর্বক সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৫ পর্যন্ত দেখা যেতে পারে। সবিনয়ে জানানো যাচ্ছে যে, সাঃপাঃ শোঃ ফেজ-১ ও ২ এর সর্বমোট ৪৬ কিঃমিঃ দীর্ঘ পানির মেইন ট্রান্সমিশন লাইন রয়েছে। উক্ত ট্রান্সমিশন লাইনে ৪৭ (সাতচল্লিশ) টি নোডাল পয়েন্ট (পিআরভি) রয়েছে। যার মাধ্যমে ঢাকা ওয়াসার ০৮(আট) টি মডস্ জোনের ডিস্ট্রিবিউশন লাইনের সাথে আন্তঃসংযোগ করা হয়েছে। সাঃপাঃশোঃ হতে সরবরাহকৃত পানিতে Residuel Chlorine এর পরিমান 0.5mg/L বজায় রাখার নির্দেশনা রয়েছে। তাই পানির গুনগতমান বজায় রাখার লক্ষ্যে প্রতি মাসে ৪৭ (সাতচল্লিশ) টি নোডাল পয়েন্ট (পিআরভি) থেকে নুন্যতম একটি করে নমুনা সংগ্রহ ও পরীক্ষা করে প্রাপ্ত ফলাফল রিপোর্ট আকারে উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবরে প্রেরনের অফিস কপি (সংযুক্ত ক্রমিক নং-০৩ দ্রঃ)। নমুনা সংগ্রহের ক্ষেত্রে সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগ হতে মান নিয়ন্ত্রন বিভাগ এবং সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-২ এর ল্যাব ইউনিটকে প্রয়োজনীয় সহযোগিতা করবে। নমুনা সংগ্রহের কাজটি সপ্তাহে ০১(এক) দিন হবে। বর্তমানে সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগে একজন ফোরম্যান, দুইজন মেকানিক, চারজন পিএলএম রয়েছে। তাদেরকে প্রায় সময় বিভিন্ন মডস্ জোনের অভিযোগের ভিত্তিতে বিভিন্ন জায়গায় মেইনটেনেন্স কাজে যেতে হয় বিধায়, জনবল সংকটের কারণে সুষ্ঠ ভাবে পানির নমুনা সংগ্রহের কাজ সম্পাদনের জন্য প্রতিসপ্তাহে ০৪ (চার) জন করে ১২ (বার) সপ্তাহে মোট ৪৮ (আটচল্লিশ) জন ডেইলি লেবার নিয়োগ করা প্রয়োজন। সে লক্ষ্যে বাজার দরের ভিত্তিতে ৪৮ (আটচল্লিশ) জন ডেইলি লেবার নিয়োগের জন্য একটি প্রাক্কলন উপস্থাপন করা হ'ল (সংযুক্ত ক্রমিক নং-০৫)। প্রাক্কলনে টাকার পরিমান দাঁড়িয়েছে সর্বমোট ৳ ২৪,০০০/-(চব্বিশ হাজার) টাকা মাত্র। যা পরবর্তীতে অনুমোদন সাপেক্ষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। আলোচ্য কাজটির ব্যায়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত সংশোধিত রাজস্ব বাজেটের কোড নং-(০১-০৪-০১১) পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাত হতে নির্বাহ করা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৫):

১। ২০২৪-২৫ ইং অর্থ বছরের রাজস্ব বাজেটের কপি।.
২। সাঃপাঃশোঃ এর পানির ট্রান্সমিশন নেটওয়ার্কের নকশা এর কপি।.
৩। সায়েদাবাদ পানি শোধনাগারের মেইন ট্রান্সমিশন নেটওয়ার্কের পানির নমুনা সংগ্রহের অফিস নির্দেশ।.
৪। পূর্বের অনুমোদিত নোটশীটের কপি।.
৫। আলোচ্য কাজের প্রাক্কলন।.

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৫/১০/২৪ ১০:৪৬ পূর্বাহ্ন

এমতাবস্থায় কর্তৃপক্ষের কাজের স্বার্থে, সায়েদাবাদ পানি শোধনাগার এর আওতাধীন পানির মেইন ট্রান্সমিশন লাইন হতে পানির নমুনা সংগ্রহের কাজে প্রতি সপ্তাহে ০১ (এক)দিন করে মোট ১২(বার) সপ্তাহ ব্যপী ডেইলি লেবার নিয়োজিতকরণ কাজটি পিপিআর ২০০৮এর বিধি ৮১(১) মোতাবেক সরাসরি নগদ ক্রয় (DCP) প্রক্রিয়ার মাধ্যমে জরুরী ভিত্তিতে আলোচ্য কাজটি সম্পন্ন করার লক্ষ্যে উপস্থাপিত ২৪,০০০/-(চব্বিশ হাজার) টাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদন দেয়া যেতে পারে এবং কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। যাহা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

৬/১০/২৪ ১১:১৯ পূর্বাহ্ন সুব্রত কুমার দেব উপ-সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	৬/১০/২৪ ১১:৫৬ পূর্বাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	৬/১০/২৪ ৬:০০ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	৬/১০/২৪ ১১:০৮ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

~~৬/১০/২৪ ১১:০৮ অপরাহ্ন~~
~~মুস্তাফিজুর রহমান~~
~~প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~
~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৭/১০/২৪ ৯:০৪ অপরাহ্ন

Okay

৭/১০/২৪ ৯:০৫ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	৭/১০/২৪ ১১:১২ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	৮/১০/২৪ ৭:৫৭ পূর্বাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	৮/১০/২৪ ৭:৫৭ পূর্বাহ্ন সুব্রত কুমার দেব উপ-সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)